

# Visit of Minister of State for External Affairs Shri V. Muraleedharan to the Republic of Senegal for the 3rd Joint Commission Meeting

November 06, 2021

## তৃতীয় যৌথ কমিশন বৈঠকের জন্য বিদেশ প্রতিমন্ত্রী শ্রী ভি মুরলীধরনের সেনেগাল প্রজাতন্ত্র সফর

নভেম্বর 06,2021

পররাষ্ট্র বিষয়ক এবং সংসদ বিষয়ক প্রতিমন্ত্রী (এমওএস) শ্রী ভি মুরলীধরন (ভিএম) 4 -5 নভেম্বর 2021 -এ ডাকারে অনুষ্ঠিত তৃতীয় ভারত-সেনেগাল যৌথ কমিশন বৈঠক বা জয়েন্ট কমিশন মিটিং (জেসিএম)-এ যুগ্ম পৌরোহিত্য করার জন্য সেনেগাল প্রজাতন্ত্রে সরকারি সফর করেছেন।

2. প্রতিমন্ত্রী তার সফরকালে সেনেগাল প্রজাতন্ত্রের রাষ্ট্রপতি হিজ এক্সেলেন্সি মিস্টার ম্যাকিসল-এর সাথে সাক্ষাৎ করেছেন। রাষ্ট্রপতি ম্যাকিসল ভারত-সেনেগাল সম্পর্কের বিশেষ প্রকৃতির উপর জোর দেন এবং পূর্ণ সম্ভাবনা অর্জনের জন্য ভারতের সাথে জড়িত থাকার ইচ্ছা প্রকাশ করেন। প্রতিমন্ত্রী , সেনেগালের রাষ্ট্রপতিকে জেসিএম-এ অনুষ্ঠিত আলোচনার বিষয়ে বিশেষত স্বাস্থ্য, শক্তি, রেলপথ, খনি, প্রতিরক্ষা, উন্নয়ন অংশীদারিত্ব ইত্যাদি বিষয়ে অবহিত করেছেন । প্রতিমন্ত্রী(ভিএম) অনুরাগের সাথে ভারত-আফ্রিকা ফোরাম শীর্ষ সম্মেলনের জন্য 2015 সালের অক্টোবর মাসে রাষ্ট্রপতি ম্যাকিসলের ভারত সফর এবং 2017-এর মে মাসে গান্ধীনগরে আফ্রিকান ডেভেলপমেন্ট ব্যাঙ্কের 52 তম বার্ষিক সভায় অংশগ্রহণের কথা স্মরণ করেছেন।

3. প্রতিমন্ত্রী (ভিএম), পররাষ্ট্র বিষয়ক এবং বিদেশে বসবাসকারী সেনেগালিজ দের মন্ত্রী মিসেস আইসাটা টল সলের সাথে জেসিএম এর যুগ্ম পৌরোহিত্য করেছেন। উভয় পক্ষ ব্যবসা ও বাণিজ্য, বিনিয়োগ, স্বাস্থ্য, শক্তি, কৃষি, রেলপথ, প্রতিরক্ষা ও নিরাপত্তা, শিক্ষা ও সংস্কৃতি, উন্নয়ন অংশীদারিত্ব, কনসুলার এবং ভারতীয় সম্প্রদায় সম্পর্কিত বিষয়গুলি সহ পারস্পরিক স্বার্থের সমস্ত ক্ষেত্র নিয়ে আলোচনা করেছে এবং এই ক্ষেত্রে সহযোগিতা বাড়াতে সম্মত হয়েছে।

4. সফরকালে দুটি মৌ স্বাক্ষরিত হয়েছে, একটির নাম স্বাস্থ্য ও চিকিৎসা ক্ষেত্রে সহযোগিতার জন্য মৌ এবং দ্বিতীয়টির নাম সেনেগালের কূটনীতিকদের প্রশিক্ষণের জন্য মৌ । প্রতিমন্ত্রী, সেনেগালের বিদেশমন্ত্রীর সাথে একসাথে ভারত এবং সেনেগালের মধ্যে 60 বছর কূটনৈতিক সম্পর্ক উদযাপনের একটি স্মারক ডাকটিকিট প্রকাশ করেছেন।

5. প্রতিমন্ত্রী তার সফরকালে ডাকারে রেনেসাঁ স্মৃতিস্তম্ভ পরিদর্শন করেছেন এবং মহান্মা গান্ধীর আবক্ষ মূর্তিতে পুষ্পার্ঘ্য অর্পণ করেছেন। তিনি ভারতীয় অনুদান সহায়তায় নির্মিত ডাকারে উদ্যোক্তা উন্নয়ন ও প্রযুক্তি কেন্দ্র বা সেন্টার ফর এন্টারপ্রেনারশিপ অ্যান্ড টেকনোলজি (সিইডিটি) পরিদর্শন করেন। প্রতিমন্ত্রী, ডাকারে ভারতীয় সম্প্রদায়ের সাথে আলাপচারিতা করেছেন এবং দীপাবলি উদযাপন উপলক্ষে তাদের শুভেচ্ছা জানিয়েছেন।

6. প্রতিমন্ত্রীর এই সেনেগাল সফর, দ্বিপাক্ষিক, আঞ্চলিক ও আন্তর্জাতিক বিষয়গুলিতে দুই দেশের মধ্যে 60 বছরের কূটনৈতিক সম্পর্ককে সুসংহত করতে সাহায্য করেছে এবং ভবিষ্যত সম্পর্কযুক্ততার জন্য একটি রোড ম্যাপ তৈরি করেছে।

নিউ দিল্লি

নভেম্বর 05,2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.